গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২৩.১১৫৫

বিষয়: **বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র ২০২৩-২৪ অর্থবছরের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের শুদ্ধাচার সংক্রান্ত নির্দেশিকা ২০২৩-২৪

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২৪) এর সংযোজনী-৪ এ উল্লিখিত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১.২ সূচক অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন ০২ (দুই) পাতা।

২৯-১১-২০২৩
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd


মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ।

**দৃষ্টি আকর্ষণ:**
উপসচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ ।

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২৩.১১৫৫/১ (২)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং
২। সহকারী কমিশনার, রাজস্ব শাখা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।



২৯-১১-২০২৩
আশিক জামান
সহকারী কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা গত ১৮/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয় উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ:

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা:**<br>১। এ কার্যালয়ের সমস্ত স্থান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে প্রয়োজনে মশা নিধণ কীটনাশক ব্যবহার করতে হবে।<br>২। স্টোর রুমের সংস্কার করতে হবে।<br>৩। ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ এবং পরিধান নিশ্চিত করতে হবে।<br>৪। এ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিটি সূচক অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ সম্পন্ন করতে হবে। | ১। অফিস প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে, জলাবদ্ধতা নিরসনে পরিচ্ছন্নতাকর্মীদের নির্দেশনা প্রদান করা হয়েছে। অফিস প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন ও জলাবদ্ধতা নিরসনে নিয়মিত তদারকি করা হচ্ছে।<br>২। স্টোর রুমের সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। (নতুন ও পুরাতন ছবিসহ বাস্তবায়ন প্রতিবেদন গত ০৫/১১/২০২৩খ্রি. ইউ.ও নোট নম্বর: ০৫.৪৩.০০০০.০০৯.১৭.১৬৬.২২.৯২ সাধারণ শাখায় পাওয়া গেছে )<br>৩। ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ এবং পরিধান নিশ্চিতকরণ কার্যক্রম চলমান রয়েছে (RFQ পদ্ধতিতে ক্রয়ের জন্য গত ১২/১১/২০২৩খ্রি. তারিখের ০৫.৪৩.০০০০.০০৯. ১৭.০২২.২৩.৯৭ নং স্মারকে কোটেশন বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। কোটেশন দাখিলের শেষ তারিখ ২২/১১/২০২৩ বেলা: ১২.১৫টা পর্যন্ত)।<br>৪। শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিটি সূচক অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে হচ্ছে। | |
| ০২. | **আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন:**<br>১। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করতে হবে।<br>২। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ হিসেবে এ বিভাগের বিভিন্ন প্রকল্প পরিদর্শন করতে হবে। | ১। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br>২। শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প পরিদর্শন কার্যক্রম চলমান। | |
| ০৩. | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:**<br>১। শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। এল এ চেক বিতরণ কার্যক্রম মনিটরিং এর পাশাপাশি সেবা গ্রহীতাদের সাথে কথা বলে মতামত গ্রহণ করতে হবে।<br>৩। ই-নামজারি মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>৪। এ কার্যালয়ের টিআর প্রকল্প এবং আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ের টিআর প্রকল্প বরাদ্দ স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ এবং দৈবচয়নের মাধ্যমে ১০% মনিটরিং করতে হবে। | ১। শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান।<br>২। কর্মপরিকল্পনা অনুযায়ী এল এ চেক বিতরণ কার্যক্রম মনিটরিং অব্যহত রয়েছে এবং সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ করা হচ্ছে।<br>৩। ই-নামজারি মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>৪। এ কার্যালয়ের টিআর প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তি গত ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বরাদ্দ প্রদান করা হয়েছে। মনিটরিং কার্যক্রম চলমান। | |

| ক্রমিক নম্বর | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ০৪. | **বিবিধ:**<br>১। নিজ কার্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং আওতাধীন দপ্তর/সংস্থা সমূহকে নির্দেশ প্রদান করতে হবে।<br>২। ত্রৈমাসিক/ বার্ষিক প্রতিবেদন www.nis.cabinet.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | ১। নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আওতাধীন দপ্তর/সংস্থাকে গত ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ০৫.৪৩.০০০০.০১২.০০৭.২৩.১০২৭ সংখ্যক স্মারক পত্রে প্রেরণ করা হয়েছে।<br>২। ১ম ত্রৈমাসিক প্রতিবেদন www.nis.cabinet.gov.bd ওয়েবসাইটে দাখিলের পর গত ১৫ অক্টোবর ২০২৩ তারিখ ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২৩. ১০৭৩ সংখ্যক পত্রের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ-কে অবহিত করা হয়েছে। | |

২০.১১.২০২৩
সিনিয়র সহকারী কমিশনার
সাধারণ শাখা
মোছাঃ ফারজানা ইয়াসমিন
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী

বিভাগীয় কমিশনার, রাজশাহী